
মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়
মানিকগঞ্জ।
সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা
স্থান ঃ পৌরসভার সভাকক্ষ
সভাপতিঃ জনাব আবুল কালাম আজাদ


মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়
সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪-৫৫৬

তারিখ ঃ ২৩/০৪/২০২৪ খ্রি.

## নোটিশ

মানিকগঞ্জ পৌরসভার সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা আগামী ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্যগণকে যথা সময় উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ (১) **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

(২) ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত ও ২০২৪-২০২৫ অর্থ বৎসরের প্রস্তাবিত খসড়া বাজেট ও কর প্রস্তাব বিষয়ে আলোচনা।

প্রাপক ঃ জনাব.......................................................

পদবী.......................................................

মানিকগঞ্জ পৌরসভা।

(আবুল কালাম আজাদ)
কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ
ও
সভাপতি
সংস্থাপন ও অর্থ স্থায়ী কমিটি
তারিখ ঃ ২৩/০৪/২০২৪ খ্রি.

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪-৫৫৬

অনুলিপিঃ-

০১। মাননীয় মেয়র ও সদস্য, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা- সদয় অবগতি ও কার্যার্থে

০২। জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

০৩। জনাব এ কে এম আবু জাফর মল্লিক, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এ্যাসোসিয়েট, মানিকগঞ্জ পৌরসভা

০৪। জনাব ফৌজিয়া হোসেন, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এ্যাসোসিয়েট, মানিকগঞ্জ পৌরসভা

০৫। জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারী ও সহায়ক কর্মকর্তা, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি মানিকগঞ্জ পৌরসভা- কে অবগতি ও যথাসময় সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো

০৬। অফিস কপি

কাউন্সিলর
০১ নং সাধারণ ওয়ার্ড
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ
ও
সভাপতি,
সংস্থাপন ও অর্থ স্থায়ী কমিটি

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৪/ | তারিখ ঃ ৩০/০৪/২০২৪ খ্রি.

**<u>৩০/০৪/২০২৪ইং তারিখে সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিতির বিবিরণ নিম্নরুপ ঃ-</u>**

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর<br>০১নং সাধারণ ওয়ার্ড<br>মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। | সভাপতি | [signature] |
| ০২ | জনাব মোঃ রমজান আলী<br>মেয়র<br>মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। | সদস্য | |
| ০৩ | জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর<br>০৬নং সাধারণ ওয়ার্ড<br>মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। | সদস্য | [signature] |
| ০৪ | জনাব নাজমা আকতার, কাউন্সিলর<br>০১নং সংরক্ষিত ওয়ার্ড<br>মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। | সদস্য | [signature] |
| ০৫ | জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর<br>০২নং সংরক্ষিত ওয়ার্ড<br>মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। | সদস্য | [signature] |
| ০৬ | জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম<br>প্রধান সহকারী<br>মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। | সহায়ক কর্মকর্তা | [signature] |

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৪/

তারিখ ঃ ৩০/০৪/২০২৪ খ্রি.

**৩০/০৪/২০২৪ইং তারিখে সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিতির বিবিরণ নিম্নরুপ ঃ-**

| ক্রমিক নং- | নাম ও পদবি | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব এ কে এম আবু জাফর মল্লিক<br>ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এসোসিয়েট (CDA)<br>মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। | [signature] |
| ০২ | জনাব ফৌজিয়া হোসেন<br>ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এসোসিয়েট (CDA)<br>মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। | Faujia Hossain |

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ
প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪/৫৮০ তারিখ ঃ ৩০/০৪/২০২৪ খ্রি.

মানিকগঞ্জ পৌরসভার সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| ০১ | সভার সভাপতি | ঃ জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০২ | সভার নাম | ঃ সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা। |
| ০৩ | সভার তারিখ | ঃ ৩০/০৪/২০২৪ইং। |
| ০৪ | সভার বার | ঃ মঙ্গলবার। |
| ০৫ | সভার সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |
| ০৬ | সভার স্থান | ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ। |

সভার উপস্থিতি ঃ (পরিশিষ্ট-ক)

সভার প্রারম্ভে সভার সভাপতি উপস্থিত মাননীয় মেয়র মহোদয় সহ সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সভার শুরুতে সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সভার আলোচ্য সূচি উপস্থাপনের অনুরোধ জানান।

(১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ ঃ সভাপতির নির্দেশনা মোতাবেক কমিটির সহায়ক কর্মকর্তা গত ০৬/০৩/২০২৪ইং তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকলের উদ্দেশ্যে পাঠ করিয়া শুনান। উক্ত সভার কার্যবিবরণী শ্রবণান্তে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীর উপর কোন প্রকার সংশোধন পরিবর্তন পরিমার্জন না থাকায় উল্লেখিত সভার কার্য বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ করা হলো।

(২) আলোচ্য সূচি ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত ও ২০২৪-২০২৫ অর্থ বৎসরের প্রস্তাবিত খসড়া বাজেট ও কর প্রস্তাব প্রদান প্রসঙ্গে।

আলোচনা ঃ সভার সভাপতি সভাকে অবহিত করেন যে, বাংলাদেশের বিভিন্ন পৌরসভার সহিত সমন্বয় রেখে মানসম্মত বাজেট বহি তৈরী করা প্রয়োজন। পৌরসভাকে ডিজিলাইজড করতে হলে নতুন নতুন করের খাত উদ্ভাবন করে বাজেটে অন্তর্ভূক্ত করতে হবে। চলমান বিভিন্ন প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক বিভিন্ন খাতে প্রকল্পের নির্দেশনা মোতাবেক অর্থ বরাদ্দ রাখার বিষয়টি গুরুত্বের সহিত সংশ্লিষ্ট বাজেট তৈরী সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের অনুরোধ করেন। কমিটির সভাপতি যথাযথ নিয়ম অনুযায়ী সরকারি আয় ব্যয়ের খাত ঠিক রেখে পৌরসভার চাহিদা মোতাবেক নতুন নতুন আয় ব্যয়ের খাত উদ্ভাবন সহ একটি আধুনিক নির্ভুল বাজেট উপস্থাপনের জন্য বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করেন এবং কমিটি সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল

ইসলামকে ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত ও ২০২৪-২০২৫ অর্থ বৎসরের প্রস্তাবিত খসড়া বাজেট উপস্থাপনের আহ্বান জানান।

কমিটির সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারী সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত ও ২০২৪-২০২৫ অর্থ বৎসরের পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংকলিত খসড়া বাজেট সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বাজেট নিয়ে কমিটির সদস্যগণ আলাপ আলোচনা করেন। খসড়া বাজেটের সকল খাত সমূহ যথাযথ ভাবে যাচাই বাছাই করা হয়। কমিটির সদস্য জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর, ০৬ নং সাধারণ ওয়ার্ড, সভাকে অবহিত করেন যে, জন কল্যাণ মুখী বাজেট প্রনয়ন করা আমাদের দায়িত্ব ও কর্তব্য। আমাদেরকে পৌর এলাকার আর্থ সামাজিক দিক লক্ষ্য রাখতে হবে এবং পৌরসভার আয় বৃদ্ধি পাবে এমন পদক্ষেপ গ্রহণ করতে হবে। কমিটির সভাপতি জনাব আবুল কালাম আজাদ বলেন যে, মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত বাজেট ফরমেট ছাড়া ও আরো অনেক খাত রয়েছে। জনস্বার্থে সেই সকল খাত গুলোতে আয় ও ব্যয় বরাদ্দ রাখা প্রয়োজন। সভায় উপস্থিত অত্র পৌরসভার নির্বাহী কর্মকর্তা জানান যে, মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত খাত ওয়ারি ফরমেট বাজেট সহ মানিকগঞ্জ পৌরসভার জনসাধারণের প্রয়োজনে কিছু কিছু নতুন খাত সংযোজন করা প্রয়োজন। মানিকগঞ্জ পৌরসভার আর্থ সামাজিক, ভৌত অবকাঠামো ও জনসাধারণের চাহিদার প্রেক্ষিতে ফরমেট বাজেট ছাড়াও আয় ব্যয়ে নতুন খাত সংযোজন করা হয়েছে। তিনি উপস্থিত সকলের উদ্দেশ্যে বাজেট সংক্রান্ত প্রজ্ঞাপন সভায় উপস্থাপন করেন। ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত ও ২০২৪-২০২৫ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেটের খাত ভিত্তিক বিস্তারিত আলোচনা করা হয়। পানির কর প্রদান বিষয়ে অদ্যকার সভার সভাপতি সভাকে অবহিত করেন, যে সমস্ত এলাকায় পানি সরবরাহ ব্যবস্থা করা হয়েছে সে সমস্ত এলাকায় পৌরসভার অনুমতি না নিয়ে বিভিন্ন সংযোগ গ্রহনকারীগণ পৌরসভার অনুমতি ব্যতিরেকে সাবমারসিবল পাম্প বা নলকুপ স্থাপন করে ব্যক্তিগত উদ্যোগে পানির ব্যবস্থা করেছেন । যাহা পৌর নিয়মানুযায়ী বৈধ নয় এবং অনেক গ্রাহক পৌরসভার পানির লাইন গ্রহন না করে পৌর এলাকায় নিজস্ব উদ্যোগে পানির ব্যবস্থা করেছেন । উল্লেখিত পন্থায় পানি সংগ্রহ করা কাজটি বৈধ নয়। পৌরসভার অনুমোদন ব্যতিরেকে অন্য কোন উৎস হতে পানি সংগ্রহ পৌর আইন অনুযায়ী বৈধ নয়। পৌরসভার পানি সরবরাহ নির্দেশিকা ১৯৯৯ ও পৌরসভা পানি সরবরাহ নির্দেশিকা ২০২৩ অনুযায়ী অন্য কোন উৎস হতে পৌরসভার অনুমোদন ব্যতীত নলকুপ, পুকুর বা অন্য কোন উৎস হতে পানি সংযোগ করা যাবে না। পৌরসভা কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে পানির উৎস স্থাপন করা যাবে। পৌরসভা পানি সরবরাহ ব্যবস্থা টেকসই করা ও পৌরসভা রাজস্ব আদায়ের স্বার্থে পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ এর পানি সংযোগ ও পানি অভিকর বিধিমালা ২০০৭, পানি সরবরাহ উপ আইন মালা ১৯৯৯ ও পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থাপনা নির্দেশিকা ২০২৩, এর নির্দেশিকা অনুযায়ী মালিকগণ পৌরসভার পানি সরবরাহ এলাকায় নিম্ন লিখিত নির্ধারিত নিবন্ধন ফি ও বিল প্রদান সাপেক্ষে ৫০ মিমি ব্যাস বা এর অধিক ব্যাসের এর নলকুপ স্থাপনের অনুমোদন দেওয়ার বিষয়ে পৌর পরিষদের গত ২৮ জানুয়ারি, ২০২৪ ৩৮তম সাধারণ সভায় সিদ্ধান্ত গৃহিত হয়েছে এবং ফেব্রুয়ারী ২০২৪ খ্রিঃ হতে ইতিমধ্যে স্থাপিত নলকুপ স্থাপনকারীদের নিকট হতে ফি ও বিল আদায় করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়েছে। বিষয়টি বাজেটে অন্তভুক্ত করা বিশেষ প্রয়োজন।

| গভীর নলকূপের ব্যাস (মিমি) | অনুমতি ফি | | | বাৎসরিক নবায়ন ফি/পানির মাসিক বিল | | |
|---|---|---|---|---|---|---|
| | আবাসিক/ সামাজিক | বাণিজ্যিক | শিল্প | আবাসিক/ সামাজিক | বাণিজ্যিক | শিল্প |
| ৫০ মিমি ও ৭৫ মিমি | ৩০,০০০/- | ৬০,০০০/- | ৭০,০০০/- | আবাসিক মাসিক পানির বিল | ৪০,০০০/- | ৫০,০০০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | প্রতিপরিবার ২৫০/-<br>নির্মাণাধীন ভবন মালিকদের মাসিক<br>১০০০/-<br>সামাজিক/বাৎসরিক<br>৩০,০০০/- | | |
| ১০০ মিমি | ১,৪০,০০০/- | ৩,০০,০০০/- | ৩,২৫,০০০/- | আবাসিক<br>মাসিক পানির বিল<br>প্রতিপরিবার ২৫০/-<br>সামাজিক/বাৎসরিক<br>১,০০,০০০/- | ১,৫০,০০০/- | ১,৭৫,০০০/- |
| ১৫০ মিমি | ২,২০,০০০/- | ৩,৫০,০০০/- | ৩,৭৫,০০০/- | আবাসিক<br>মাসিক পানির বিল<br>প্রতিপরিবার ২৫০/-<br>সামাজিক/বাৎসরিক<br>১,২০,০০০/- | ২,২০,০০০/- | ২,৪০,০০০/- |

<u>সিদ্ধান্ত ঃ</u> বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত ও ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট নিয়মানুযায়ী পরবর্তী সভা সমূহে অনুমোদনের জন্য সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো এবং উপরোক্ত পানি কর ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে অন্তর্ভুক্ত করার সুপারিশ গৃহিত হলো এবং করের নতুন নতুন খাত সমূহ বাজেটে অন্তর্ভূক্তি করার এবং প্রকল্পের নির্দেশনা মোতাবেক বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখার সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।

(আবুল কালম আজাদ)
কাউন্সিলর
০১নং সাধারণ ওয়ার্ড
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ
ও
সভাপতি
সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি
তারিখ ঃ ৩০/০৪/২০২৪ খ্রি.

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৪/৫৮০
অনুলিপি অবগতি জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। মেয়র,মানিকগঞ্জ পৌরসভা
০২। জনাব.......................................কাউন্সিলর ও সদস্য সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা
০৩। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
০৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
০৫। জনাব ........................................................ সদস্য সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা

কাউন্সিলর
০১নং সাধারণ ওয়ার্ড
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ
ও
সভাপতি
সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি